বাংলাদেশের সুবর্ণজয়ন্তী
Bangladesh 50

মুজিব শতবর্ষ MUJIB 100
"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

খুলনা সিটি কর্পোরেশন
খুলনা

অদ্য ১৬/১১/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১-০০ ঘটিকায় খুলনা সিটি কর্পোরেশনের শহীদ আলতাফ মিলনায়তনে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর অংশ হিসেবে কেসিসিতে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

**সভায় উপস্থিতি :** সংযুক্ত "ক"

জনাব মোঃ আজমুল হক, প্রধান নিবার্হী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) ও সভার সভাপতি, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১ সংক্রান্ত স্টেকহোল্ডারদের সাথে অনুষ্ঠিত সভায় উপস্থিত প্রধান অতিথি, মাননীয় মেয়র মহোদয়, মেয়র প্যানেলের সদস্যবৃন্দ, বীর মুক্তিযোদ্ধা, উপস্থিত সরকারি ও অসরকারি কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে স্বাগত জানান। অত:পর তিনি বলেন, সোনার বাংলা গড়তে শুদ্ধাচার অপরিহার্য, এটা প্রথমে মাথায় রাখতে হবে। শুদ্ধাচার বলতে নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণ এবং উৎকর্ষ সাধনকে বোঝায়। ২০২১ থেকে সিটি কর্পোরেশনে শুদ্ধাচার কৌশল পরিকল্পনায় স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে সংযুক্ত হয়। শুদ্ধাচার কৌশলের উদ্দেশ্য সোনার বাংলা গড়তে ন্যায়বোধ প্রতিষ্ঠার জন্য প্রকল্প দ্রুত বাস্তবায়ন করতে জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তায় সরকারি-বেসরকারি কর্মকর্তাসহ সকলের সহযোগিতা প্রয়োজন। এ পর্যায়ে কেসিসির প্রশাসনিক কর্মকর্তাকে সভাটি উপস্থাপনার দায়িত্ব প্রদান করেন। সসভায় উপস্থিত সভ্যগণ তাদের সুচিন্তিত মতামত দেন।

মাননীয় মেয়র মহোদয় ওয়ার্ডের সচিব ও জন্ম নিবন্ধন সহকারিকে ট্রেনিং করানোর পাশাপাশি সম্মানিত কাউন্সিলর দের ট্রেনিং করানোর বিষয়ে অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, সরকারি বিধি বিধান অনুযায়ী স্থানীয় সরকারের মাধ্যমে সিটি কর্পোরেশন এর মাধ্যমে উন্নয়ন হয়ে থাকে। সরকারের জনপ্রতিনিধি হিসেবে কেসিসি'র পাঁচটি বিভাগের প্রধানরা কাজ করে। মানুষের যোগ্যতা, সততা, নিষ্ঠা যদি থাকে তবে তার সফলতা আসবে অনিবার্য। যারা চাকরি করে, মাস গেলে তারা বেতন নেয়। এদের মধ্যে যারা মনে করে তার উপর অর্পিত দায়িত্ব বা কাজগুলো সঠিকভাবে যথাসময় করতে হবে, তারাই একসময় যোগ্যতা বলে নিজের অবস্থান তৈরি করে নিতে পারে। শুদ্ধাচার চর্চা করে যারা সততা ও নিষ্ঠার সাথে কাজ করে এবং দুর্নীতির বিরুদ্ধে অবস্থান নেয় তারা কর্মক্ষেত্রের সকল স্তরে সাফল্য লাভ করে। তাই তিনি শুদ্ধাচার চর্চা করে জীবনের সকল ক্ষেত্রে নিষ্ঠার সাথে কাজ করার আহ্বান জানান।
বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১। | জন্ম নিবন্ধন বিষয়ে সকল ওয়ার্ডের সচিব ও জন্মনিবন্ধন সহকারীকে আগে প্রশিক্ষণ সহ সম্মানিত কাউন্সিলরগণের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব, কেসিসি। |
| ২। | হোল্ডিং ট্যাক্স এর ক্ষেত্রে অন লাইন বিলিং সিস্টেম চালুকরণ এবং জুন-২০২২ এর মধ্যে অনলাইন এ্যাসেসমেন্ট চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান রাজস্ব কর্মকর্তা, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), কেসিসি। |
| ৩। | কেসিসি'র প্রধান দপ্তরের তালিকাভূক্ত কর্মচারীদেরকে শুদ্ধাচার, নৈতিকতা, ই-নথি, অফিস ম্যানেজমেন্ট ইত্যাদি বিষয়ে ট্রেনিং করানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব, কেসিসি। |
| ৪। | কেসিসির সকল দপ্তরে নৈতিকতা ও শুদ্ধাচার চর্চা করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং সকল দপ্তরে ই-নথি ব্যবস্থার প্রবর্তন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), আইটি ম্যানেজার, কেসিসি। |
| ৫। | খুলনা শহরের বিভিন্ন জনগুরুত্বপূর্ণ জায়গায় সিটিজেন চার্টার এনজিও কর্তৃক টাঙানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক শাখা, কেসিসি। |

অতঃপর সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সরকারি বিভিন্ন দপ্তর থেকে আগত প্রতিনিধিবৃন্দসহ উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আজমুল হক
প্রধান নিবার্হী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

স্মারক নং-কেসিসি/সেঃবিঃ/সাঃপ্রঃশাঃ/।।।-৩৬১(৫)/২১-১৬৫৩(৮) তারিখ- ১৬/১১/২০২১

অনুলিপি সদয় অবগতি/অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জনাব.............................................................মেয়র প্যানেলের সদস্য, খুলনা সিটি কর্পোরেশন।
৩। জনাব.............................................................সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড/সংরক্ষিত আসন নং-............, কেসিসি।
৪। জনাব...........................................................................।
৫। বিভাগীয় প্রধান (সকল),খুলনা সিটি কর্পোরেশন।
৬। শাখা প্রধান (সকল),খুলনা সিটি কর্পোরেশন।
৭। সি.এ টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন।
৮। সংশ্লিষ্ট নথি।

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

## সংযুক্ত-"ক"

**সভায় উপস্থিতি :**

১. জনাব মোঃ আমিনুল ইসলাম, মুন্না, প্যানেল মেয়র-১ ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৫, খুলনা সিটি কর্পোরেশন।
২. জনাব এ্যাড. মেমরী সুফিয়া রহমান শুনু, প্যানেল মেয়র-৩ ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-৫, কেসিসি।
৩. অধ্যাপক মোঃ আলমগীর কবির, কমান্ডার (সাবেক), খুলনা মহানগর মুক্তিযোদ্ধা সংসদ।
৪. জনাব মকবুল হোসেন মিন্টু, বীর মুক্তিযোদ্ধা, সাবেক সভাপতি, খুলনা প্রেস ক্লাব।
৫. জনাব নূরুল ইসলাম মনু, সাবেক কাউন্সিলর, কেসিসি, বীর মুক্তিযোদ্ধা।
৬. জনাব মোঃ আছাদুজ্জামান, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, খুলনা।
৭. জনাব মোঃ আজমুল হক, সচিব, খুলনা সিটি কর্পোরেশন।
৮. জনাব নাজিবুল আলম, নির্বাহী ম্যাজিস্ট্রেট, খুলনা সিটি কর্পোরেশন।
৯. জনাব আবির উল জব্বার, চীফ প্লানিং অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
১০. জনাব মোঃ সেলিমুর রহমান, বাজার সুপার, খুলনা সিটি কর্পোরেশন।
১১. জনাব রওশন আরা খাতুন, হিসাব রক্ষক, খুলনা সিটি কর্পোরেশন।
১২. জনাব মোঃ ফারুক হোসেন তালুকদার, সিনিয়র লাইসেন্স অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
১৩. জনাব মোঃ ইরফান আহমেদ খান, সিসি, এসএনভি।
১৪. জনাব সরদার মিজানুর রহমান,সহকারী, খুলনা সিটি কর্পোরেশন।
১৫. জনাব মোঃ গোলাম মোস্তফা, টিসিএস, খুলনা সিটি কর্পোরেশন।
১৬. জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপসহকারী প্রকৌশলী (বিদ্যুৎ),খুলনা সিটি কর্পোরেশন।
১৭. জনাব মোঃ ইউনুচ আলী শেখ, খুলনা সিটি কর্পোরেশন।
১৮. ডাঃ স্বপন কুমার হালদার, স্বাস্থ্য কর্মকর্তা হিসেবে কর্মরত, খুলনা সিটি কর্পোরেশন।
১৯. জনাব জাহিদ হোসেন শেখ, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ),খুলনা সিটি কর্পোরেশন।
২০. জনাব ড. পেরু গোপাল বিশ্বাস, ভেটেরিনারি সার্জন, খুলনা সিটি কর্পোরেশন।
২১. জনাব মোঃ আব্দুল আজিজ, নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) ও প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
২২. জনাব মোঃ অহিদুজ্জামান খান, রাজস্ব কর্মকর্তা (ভাঃ),খুলনা সিটি কর্পোরেশন।
২৩. জনাব তপন কুমার নন্দী, কালেক্টর অব ট্যাক্সেস, খুলনা সিটি কর্পোরেশন।
২৪. জনাব জান্নাতুল ফেরদৌস শুক্লা, ডিসিটি, খুলনা সিটি কর্পোরেশন।
২৫. জনাব মোঃ মোস্তফা জামান, এসিটি, খুলনা সিটি কর্পোরেশন।
২৬. জনাব এস,এম চিশতী, ডিরেক্টর, প্রোগ্রাম জেজেএস।
২৭. জনাব মোঃ নুরুজ্জামান তালুকদার, এস্টেট অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
২৮. জনাব আবু মুজাফ্ফর মাহমুদ, এসআরসি, ব্র্যাক-ইউডিপি।
২৯. জনাব কাজী মোঃ ইমরুল হাসান, ডিসিটি, খুলনা সিটি কর্পোরেশন।
৩০. জনাব মোঃ মনিরুল আলম লিটন, এসিটি, খুলনা সিটি কর্পোরেশন।
৩১. জনাব শেখ এনামুল কবির, কর আদায়কারী সরকার, খুলনা সিটি কর্পোরেশন।
৩২. জনাব মোঃ মিজানুর রহমান, কর আদায়কারী সরকার, খুলনা সিটি কর্পোরেশন।
৩৩. জনাব মোঃ আব্দুর রকীব, সহকারী কঞ্জারভেন্সী অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
৩৪. জনাব বাবুল কুমার সাহা, সিটি ট্রেড সেন্টার।
৩৫. জনাব মোঃ আনিসুর রহমান, কঞ্জারভেন্সী অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
৩৬. জনাব মোঃ মিজানুর রহমান, উচ্চমান সহকারী, খুলনা সিটি কর্পোরেশন।
৩৭. জনাব নুরুন্নাহার এ্যানি, সহকারী কঞ্জারভেন্সী অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
৩৮. জনাব মোঃ গোলাম মোস্তফা, সহকারী, জনসংযোগ দপ্তর, খুলনা সিটি কর্পোরেশন।
৩৯. জনাব মোঃ রফিকুল ইসলাম, মোল্লা কাম মোহরার, খুলনা সিটি কর্পোরেশন।
৪০. জনাব তরিকুল আলম, আইটি সহকারী,খুলনা সিটি কর্পোরেশন।
৪১. জনাব জি.এম কুতুব উল আলম, সহকারী, সাধারণ প্রশাসনিক শাখা, খুলনা সিটি কর্পোরেশন।
৪২. জনাব মোঃ আবুল কাসেম, সহকারী, সাধারণ প্রশাসনিক শাখা, খুলনা সিটি কর্পোরেশন।
৪৩. জনাব মোঃ নাঈমুজ্জামান, সহকারী, সাধারণ প্রশাসনিক শাখা, খুলনা সিটি কর্পোরেশন।
৪৪. জনাব মোঃ আবদুস সালাম ফারাজী, উচ্চমান সহকারী, সাধারণ প্রশাসনিক শাখা, খুলনা সিটি কর্পোরেশন।